21

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 05 JUN 1995

পৃষ্ঠা ৮ কলাম ৩

উখিয়া-টেকনাফ থানা

## ঘূর্ণিঝড়ের এক বছর পরেও ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান মেরামত করা হয়নি

**উখিয়া (কক্সবাজার), ৪ জুন (সংবাদদাতা)** ।-বিগত ২ মে '৯৪-এর ঘূর্ণিঝড়ে উখিয়া-টেকনাফে ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ-মাদ্রাসা-মন্দির, ও প্রশাসনিক অফিসসমূহ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়া সত্ত্বেও এখনও পর্যন্ত তা মেরামত করার কোন লক্ষণ দেখা যাচ্ছে না। বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা এখনও খোলা আকাশের নীচে লেখাপড়া করছে।

গত বর্ষা মৌসুমেও ছাত্রছাত্রীরা সঠিকভাবে লেখাপড়া করতে পারেনি। এদিকে আর একটি বর্ষা মৌসুম শুরু হয়েছে। অধিকাংশ মসজিদ মাদ্রাসা ও মন্দির মেরামতের অভাবে নষ্ট হয়ে যাচ্ছে। ঘূর্ণিঝড়ের পর থেকে এ দু'থানায় অনেক ব্রিজ, কালভার্ট, রাস্তাসহ বিভিন্নভাবে সরকার কর্তৃক নির্মাণ করা হয়েছে। অথচ ঘূর্ণিঝড়ের এক বছর পরেও বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বিদ্যালয় মেরামতের অভাবে নিয়মিত পড়ালেখা করতে পারছে না।